গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
ইউএনএফপিএ'স সাপোর্ট টু এসআরএমএনসিএইচ প্রোগ্রাম থ্রু ডিজিএইচএস
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং: স্বাঃঅধিঃ/ইউএনএফপিএ/২০২৬/৭৫৩ তারিখ: ০৫ জুলাই ২০২৬ খ্রিঃ

পদের নামঃ ডিস্ট্রিক্ট এসআরএইচআর কোঅর্ডিনেটর

পদের সংখ্যাঃ ০৮ (আট) টি। (অপেক্ষমান তালিকা হতে একটি পুল গঠন করা হবে।)

চাকরির ধরণঃ প্রকল্প

সময় : প্রাথমিক ভাবে ৩১ ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত, (ডিসেম্বর, ২০২৭, যাদি প্রকল্পের মেয়াদ বর্ধিত হয়) ।

জেলার নাম : কুড়িগ্রাম, খাগড়াছড়ি, চাঁদপুর, নোয়াখালী, বান্দরবন, ভোলা, সুনামগঞ্জ ও শেরপুর।

বয়স : ২৫ থেকে ৪০ বছর।

আবেদনের শেষ তারিখ : ২০ জুলাই, ২০২৬।

পদের প্রেক্ষাপট:

যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার (SRHR) কর্মসূচির কার্যকর পরিকল্পনা, বাস্তবায়ন, তদারকি এবং সমন্বয় জোরদার করার লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তরের প্রাইমারি হেলথ কেয়ার (PHC) ইউনিটের নেতৃত্বে এবং UNFPA-এর কারিগরি ও আর্থিক সহায়তায় নির্বাচিত জেলাসমূহে District SRHR Coordinator নিয়োগ করা হবে। নির্বাচিত সমন্বয়কারীগণ জেলা স্বাস্থ্য কর্তৃপক্ষের সঙ্গে নিবিড়ভাবে কাজ করে মাতৃ, নবজাতক, কিশোর-কিশোরী এবং অন্যান্য সমন্বিত SRHR সেবার প্রাপ্যতা, গুণগত মান ও ব্যবহার বৃদ্ধি, Midwifery-Led Care (MLC) শক্তিশালীকরণ, স্বাস্থ্য প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি, কমিউনিটি পর্যায়ে সচেতনতা বৃদ্ধি, তথ্যভিত্তিক পরিকল্পনা ও মনিটরিং এবং UNFPA-এর কর্মসূচির কার্যকর বাস্তবায়নে কারিগরি সহায়তা প্রদান করবেন।

**কাজের দায়িত্ব সমূহ :**

ক. জেলা হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে, প্রাথমিক স্বাস্থ্য সেবা কেন্দ্রসমূহে প্রোগ্রাম বাস্তবায়ন:

- জেলা হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে, প্রাথমিক স্বাস্থ্য সেবা কেন্দ্র, মিডওয়াইফারি লেড কেয়ার মডেল (এমএলসি) স্থাপনে সহযোগিতা করবেন।

- যৌন ও প্রজনন স্বাস্থ্য সেবা কেন্দ্রে মিডওয়াইফদের রোস্টার তৈরি ও তাদের সেবা প্রদান নিশ্চিত করবেন এবং পাশাপাশি বহিঃবিভাগে গর্ভবতী মায়েদের প্রসব পূর্ববর্তী সেবা (এএনসি), প্রসব পরবর্তী সেবা (পিএনসি) এবং পরিবার পরিকল্পনা (এফপি) সেবা নিশ্চিত করবেন।

- মিডওয়াইফদের দ্বারা গর্ভবর্তী নারীদের সেবা প্রদানের জন্য পৃথক এএনসি কর্নার স্থাপন সহায়তা করবেন।

- স্বাস্থ্যসেবা প্রদানকারীদের দ্বারা STI, Cervical Cancer, Fistula, MR, 24/7 EmONC, PAC, HGBV এবং কৈশোর বান্ধব স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে সহায়তা করবেন।

• সরকারি সরবরাহ চেইনের মাধ্যমে সরবরাহের প্রাপ্যতা নিশ্চিতকরণে সমন্বয় করবেন।

• নিয়মিত এবং জরুরী প্রসব সেবা পর্যবেক্ষণ করবেন এবং সেবার ঘাটতি সমূহ সনাক্ত করবেন এবং তা নিরসনের উদ্যোগ গ্রহন করবেন।

• জরুরি প্রসবসেবা গ্রহণের জন্য আগত নারীদের দ্রুত সেবাপ্রদান নিশ্চিত করতে সহায়তা করবেন।

• গুণগত মানসম্পন্ন সেবা নিশ্চিত করতে মিডওয়াইফ ও চিকিৎসকদের কর্মস্থলভিত্তিক হাতে-কলমে প্রশিক্ষণ (On the job mentoring) ও কারিগরি পরামর্শ প্রদান নিশ্চিত করবেন।

• জেলা হাসপাতাল, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে, প্রাথমিক স্বাস্থ্য সেবা কেন্দ্রসমূহে আচরণ পরিবর্তনের Evidence based practice এর উপর ডকুমেন্টেশন করবেন।

• জেলা হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে সেবার মান উন্নয়ন ও সুষ্ঠ পরিবেশ নিশ্চিত করতে Nursing Supintendent, Obs.& Gynae Consultant এবং জেলা ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার এর সাথে যোগাযোগ স্থাপন করবেন এবং তাদের সাথে যৌথভাবে ভিজিট করবেন।

• ইউএনএফপিএ এর প্রোগ্রামের সাথে সম্পর্কিত উপ-জাতীয় (জেলা, উপজেলা এবং ইউনিয়ন) পর্যায়ের তথ্য সংগ্রহ এবং বিশ্লেষণ করা এবং মাসিক বা ত্রৈমাসিক ভিত্তিতে উপ-জাতীয় তথ্য প্রাথমিকভাবে বিশ্লেষণের ব্যবস্থা করে সিও এসআরএইচআর ইউনিটকে সহায়তা করা।

• আইসিপিডি এবং ইউএনএফপিএ এর এজেন্ডা বাস্তবায়নে স্থানীয় পর্যায়ে যোগাযোগ স্থাপন এবং আইসিপিডি এবং ইউএনএফপিএ এর সমন্বয় সাধন করা।

• জেলা প্রশাসক, সিভিল সার্জন, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপ-পরিচালক, অন্যান্য বিভাগ ও জেলা পর্যায়ের গুরুত্বপূর্ণ স্থানীয় সরকারী কর্মকর্তা এবং প্রতিনিধিদের সাথে সুসম্পর্ক গড়ে তোলা ও বজায় রাখা। যাতে করে নীতি প্রণয়ন ও বাস্তবায়নে তাদের সহায়তা নেয়া যায়।

• জেলা প্রশাসন, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ, স্থানীয় সরকার এবং অন্যান্য সংশ্লিষ্ট অংশীজনের সঙ্গে সমন্বয় ও সহযোগিতার মাধ্যমে UNFPA/DGHS-এর কর্মসূচির কার্যকর বাস্তবায়ন, তদারকি, পর্যবেক্ষণ, প্রতিবেদন প্রণয়ন এবং কর্মসূচির visibility ও ফলাফল নিশ্চিত করা।

• প্রাকৃতিক দূর্যোগ ও শরণার্থীদের মতো মানবিক সংকটে জরুরী প্রস্তুতি গ্রহণ এবং response এর ক্ষেত্রে technical assistance, প্রয়োজনীয় মূল্যায়ন, স্থানীয় স্তরের ক্লাস্টার সমন্বয়, জরুরী স্বাস্থ্য কিট এবং অন্যান্য কিট বিতরণ, নারী বান্ধব কর্মক্ষেত্র বাড়ানো এবং বিভিন্ন গোষ্ঠীর নেতৃত্ব, সেবার দক্ষতা বৃদ্ধি করা ইত্যাদি।

খ. সমন্বয় সাধনঃ

• প্রাথমিক স্বাস্থ্য সেবা, স্বাস্থ্য অধিদপ্তর, ইউএনএফপিএ ও স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের সকল স্টেকহোল্ডারদের সাথে সমন্বয় সাধন করা।

• প্রোগ্রামের কার্যাবলীর অগ্রগতি প্রযুক্তিগত ও পরিচালিত সহায়তার জন্য উপপরিচালক (ফোকাল পারসন- ম্যাটারনাল হেলথ), প্রাইমারি হেলথ কেয়ার, ডিজিএইচএস এর সাথে সমন্বয় করা।

• উপপরিচালক (ফোকাল পারসন-ম্যাটারনাল হেলথ), প্রাইমারি হেলথ কেয়ার, ডিজিএইচএস সাথে পর্যবেক্ষণের তথ্য বিনিময় করা, বিশ্লেষণ করা এবং সে অনুযায়ী যথাযথ সহায়তা প্রদান করা।

CS CamScanner

গ. প্রতিবেদন প্রস্তুত করাঃ

• জেলা হাসপাতাল, প্রাথমিক স্বাস্থ্য সেবা কেন্দ্র ও উপজেলা স্বাস্থ্য সেবা কেন্দ্রের প্রতিবেদন প্রস্তুত করা এবং সংকলনের জন্য সুপারভাইজারের কাছে জমা দেওয়া।

• মাসিক কর্ম পরিকল্পনা, ভ্রমণ পরিকল্পনা প্রস্তুত করা এবং মাসিক ভিত্তিতে সম্পাদিত প্রতিবেদন জমা দেয়া।

• জেলা ও উপজেলাতে মাসিক সভায় অংশ গ্রহণ করা এবং MLC এজেন্ডা নিয়ে আলোচনা নিশ্চিত করা।

• প্রয়োজন অনুযায়ী বিভিন্ন সভা ও কর্মশালায় অংশ গ্রহণ করা।

ঘ. সাধারণঃ

• বাংলাদেশের যে কোন প্রাকৃতিক দুর্যোগ বা জরুরী পরিস্থিতিতে যে কোন স্থানে কাজ করতে প্রস্তুত থাকতে হবে।

• সুপারভাইজার/সংস্থা কর্তৃক নির্ধারিত অন্য কোন কাজ সম্পাদন করতে হবে।

শিক্ষাগত যোগ্যতাঃ

MBBS পাশ। মাতৃ স্বাস্থ্য অথবা OBGYN (প্রসূতি ও স্ত্রীরোগ)-এ অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া হবে।

অতিরিক্ত পেশাগত সনদঃ MS /MPH প্রাসঙ্গিক ক্ষেত্রে সনদধারীরা অতিরিক্ত সুবিধা পাবে।

মহিলা প্রার্থীরা আবেদনের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। উল্লেখিত (কুড়িগ্রাম, খাগড়াছড়ি, চাঁদপুর, নোয়াখালী, বান্দরবন, ভোলা, সুনামগঞ্জ ও শেরপুর) জেলার প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

কর্ম দক্ষতাঃ

- দৃঢ় আন্তঃব্যক্তিক, যোগাযোগ এবং উপস্থাপনার দক্ষতা।

- দল তৈরির এবং অনুপ্রেরণার দক্ষতা।

- দ্রুত এবং অবহিতকরনের সিদ্ধান্ত গ্রহণ।

- কাজের অগ্রাধিকার দেওয়া এবং সংগঠিত করার দক্ষতা।

- ইংরেজিতে ভাল লিখতে এবং বলতে পারা।

- সর্বশেষ ক্লিনিকাল আপডেটের জন্য মেডিকেল লিটারেচার অনুসন্ধান করা।

অভিজ্ঞতা :

স্বাস্থ্য অধিদপ্তর সংশ্লিষ্ট প্রজেক্ট, দেশী অথবা বিদেশী এনজিওতে যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার (SRHR) বিষয়ক কাজের কমপক্ষে তিন বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সেই সাথে কম্পিউটারে এমএস প্রোগ্রাম বিশেষ করে এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্টে সম্যক জ্ঞান থাকা আবশ্যক।

কর্মস্থল : সংশ্লিষ্ট জেলা।

CamScanner

বেতন : আলোচনা সাপেক্ষে।

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

যোগ্যতা এবং অভিজ্ঞতার ভিত্তিতে শুধুমাত্র শর্টলিস্টেড প্রার্থীরা পরীক্ষার জন্য নির্বাচিত হবেন। কেউ পরীক্ষার জন্য নির্বাচিত না হলে কর্তৃপক্ষ জবাব দিতে বাধ্য থাকবে না। যে কোন ধরনের তদবির নিরুৎসাহিত করা হচ্ছে এবং এটি নেতিবাচক হিসেবে গণ্য হবে। যথাসময়ে আবেদন না করলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আগ্রহী প্রার্থীগণকে কভার লেটার, জীবন বৃত্তান্ত )JPG ফাইল গ্রহণ যোগ্য নয় MS Word/PDF করে প্রেরণ করতে হবে) পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র, BMDC এর হালনাগাদ Registration এবং নাগরিকত্ব সনদের স্ক্যান কপি, ইমেইল ও মোবাইল নম্বর উল্লেখসহ আবেদনপত্র আগামী ২০ জুলাই, ২০২৬ তারিখ বিকেল ০৫:০০ টার মধ্যে প্রজেক্ট ম্যানেজার, ইউএনএফপিএ'স সাপোর্ট টু এসআরএমএনসিএইচ প্রোগ্রাম ৪ ডিজিএইচএস বরাবর - এই ই-মেইলে : recruitment.dghs.unfpa@gmail.com_এ প্রেরণ করতে হবে।

CamScanner